

❏ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালাহীন)

হাদিস নাম্বারঃ ৯৫৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯৪৭]

৬/ রোগীদর্শন ও জানাযায় অংশগ্রহণ (حضور دفنه المكت) كتاب عيادة المريض وتشيع المیت والصلاة عليه وحضور دفنه المكت) عند قبره بعد دفنه

পরিচ্ছেদঃ ১৬১: মৃতের জন্য তাকে দাফন করার পর দো'আ এবং তার জন্য দো'আ, ইস্তিগফার ও কুরআন পাঠের জন্য তার কবরের নিকট কিছুক্ষণ বসে থাকা প্রসঙ্গে

(161) بَابُ الدُّعَاءِ لِلْمَيِّتِ بَعْدَ دَفْنِهِ وَالْقُعُودِ عِنْدَ قَبْرِهِ سَاعَةَ الدُّعَاءِ لَهُ وَالِاسْتِغْفَارِ وَالْقِرَاءَةِ

আরবী

وَعَنْ عَمْرٍو بْنِ الْعَاصِ رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ: إِذَا دَفَنْتُمُونِي، فَأَقِيمُوا حَوْلَ قَبْرِي قَدْرَ مَا تُنْحَرُ جَزُورٌ، وَيُقَسَّمُ لَحْمُهَا حَتَّى أَسْتَأْنِسَ بِكُمْ، وَأَعْلَمَ مَاذَا أُرَاجِعُ بِهِ رُسُلَ رَبِّي. رَوَاهُ مُسْلِمٌ. وَقَدْ سَبَقَ بِطَوْلِهِ.
قَالَ الشَّافِعِيُّ رَحِمَهُ اللَّهُ: وَيُسْتَحَبُّ أَنْ يُقْرَأَ عِنْدَهُ شَيْءٌ مِنَ الْقُرْآنِ، وَإِنْ خَتَمُوا الْقُرْآنَ عِنْدَهُ كَانَ حَسَنًا.

বাংলা

২/৯৫৪। 'আমর ইবনে 'আস রাদিয়াল্লাহু 'আনহু বলেছেন, 'তোমরা যখন আমাকে সমাধিস্থ করবে, তখন আমার কবরের আশ-পাশে তোমরা ততক্ষণ অবস্থান করবে, যতক্ষণ একটা উট যবেহ করে তার মাংস বণ্টন করতে লাগে। যেন আমি তোমাদের পেয়ে নিঃসঙ্গতা বোধ না করি এবং জেনে নিই যে, আমি আমার প্রভুর দূতগণকে কী জবাব দিচ্ছি।' (মুসলিম) [1]

এ বর্ণনাটি পূর্বে ৭১৬ নম্বরে বিস্তারিতভাবে গত হয়ে গেছে।

ইমাম শাফেয়ী (রাহিমাহুল্লাহ) বলেন, কবরের নিকট কুরআনের কিছু অংশ পড়া উত্তম। যদি তার নিকট কুরআন খতম করে, তবে তা উত্তম হবে।[2]

English

(161) Chapter: Supplication for the Deceased after his Burial

'Amr bin Al-'as (May Allah be pleased with him) used to say:
"When you have buried me, keep standing near my grave till (for the time it

takes to) a camel is slaughtered and its meat is distributed, so that I may feel your nearness and know what to reply to the angels sent by my Rubb."

[Muslim].

Commentary: As mentioned in the previous Hadith, the Prophet (PBUH) has instructed his followers that after a Muslim's burial, they should keep standing beside his grave for some time and pray for his firmness on facing the interrogating angels in the grave. `Amr bin Al-`as, too, made a will to this effect. The reference made to Imam AshShafi`i (May Allah had Mercy upon him) about the recitation of the Qur'an beside a Muslim's grave is in disagreement with the Prophet's practice. What has come to us from the Prophet (PBUH) as his Sunnah in this respect is the act of supplicating, and it will be appropriate to confine to it. Aside from it, the reference made to Imam Ash-Shafi`i seems to be of doubtful authenticity. Because according to Fath Al-Bari, Tafsir Ibn Kathir and some other books, Imam Ash-Shafi`i rejected the view that the benefit of reciting the Qur'an could be transmitted to the dead.

ফুটনোট

[1] মুসলিম ১২১, আহমাদ ১৭৩২৬, ১৭৩৫৭

[2] আমি (আলবানী) বলছিঃ ইমাম শাফেঈ উক্ত কথা কোথায় বলেছেন জানি না এবং তা তার উদ্ধৃতিতে সাব্যস্ত হওয়ার ব্যাপারে আমার নিকট বড় ধরনের সন্দেহ রয়েছে। কিভাবে সাব্যস্ত হবে যেখানে তার মাযহাব হচ্ছে এই যে, যদি কেউ কুরআন তিলাওয়াত করে তার সাওয়াব মৃত ব্যক্তিদের উদ্দেশ্যে হাদিয়াহ্ দেয় তাহলে তা তাদের নিকট পৌঁছবে না। যেমনটি হাফিয ইবনু কাসীর *وَأَنْ لَّيْسَ لِلْإِنْسَانِ إِلَّا مَا سَعَى* (সূরা আন-নাযম ৩৯) আয়াতের তাফসীর করতে গিয়ে উল্লেখ করেছেন।

শাইখুল ইসলাম ইবনু তাইমিয়াহ্ তার “আলইকতিয়া” গ্রন্থে ইমাম শাফেঈ হতে তা সাব্যস্ত না হওয়ার দিকেই ইঙ্গিত করে বলেছেনঃ ইমাম শাফেঈ হতে এ মাসআলার ব্যাপারে কোন কথা সাব্যস্ত হয়নি। কারণ তা তার নিকট বিদ‘আত ছিল। আর ইমাম মালেক বলেছেনঃ আমরা কোন একজন হতেও জানিনি যে, সে তা করেছে। এ থেকে জানা যাচ্ছে যে, সহাবা এবং তাবেঈগণ তা করতেন না।

আমি (আলবানী) বলছিঃ ইমাম আহমাদের মাযহাবও এটিই যে, কবরের নিকট কুরআন পাঠ করা যাবে না। যেমনটি আমি আমার কিতাব “আহকামুল জানায়েয” গ্রন্থের (পৃ ১৯২-১৯৩) মধ্যে সাব্যস্ত করেছি। শাইখুল ইসলাম ইবনু তাইমিয়াহ্ এর সিদ্ধান্তও এটিই যেমনটি আমি আমার কিতাব “আহকামুল জানায়েয” গ্রন্থে (পৃ ১৭৫-১৭৬) তাহকীক করেছি।

আম্বার বিশ্ববিদ্যালয়ের হাদীস বিভাগের প্রধান ডঃ মাহের ইয়াসীন আলফাহল “রিয়াদুস সালাহীন” গ্রন্থের তাহকীক করতে গিয়ে বলেনঃ এটি ইমাম শাফেঈ'র কথা নয় বরং তার সাথীদের কথা। দেখুন “আলমাজমু” (৫/১৮৫)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আমর ইবনুল আস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=23987>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন